# জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

# বার্ষিক প্রতিবেদন

# (২০২৪-২০২৫)



**(১) পটভূমি :**

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন বাংলাদেশের ক্রীড়া, খেলাধূলা ও শরীরচর্চার ক্ষেত্রে যে সকল ক্রীড়াবিদ উল্লেখযোগ্য অবদান রাখছেন বা রেখেছেন - বর্তমানে যারা 'অসচ্ছল, অসুস্থ, আহত ও অসমর্থ' সে সকল ক্রীড়াসেবী ও তাঁদের পরিবারের কল্যাণ সাধনের মাধ্যমে দারিদ্র্য হ্রাস এবং ক্রীড়ার মান উন্নয়নে কাজ করছে। ফাউন্ডেশনটি 'অসচ্ছল, অসুস্থ, আহত ও অসমর্থ' ক্রীড়াসেবী এবং তাঁদের পরিবারের জন্য জাতীয় ক্রীড়া ভাতা, ক্রীড়া শিক্ষা বৃত্তি এবং চিকিৎসা ও আর্থিক সহায়তা প্রদান করছে।

**(২) রূপকল্প :** ক্রীড়াসেবীদের দারিদ্রতা হ্রাস ও ক্রীড়ার মান উন্নয়ন।

**(৩) অভিলক্ষ্য :** ক্রীড়া, খেলাধূলা ও শরীরচর্চায় উল্লেখযোগ্য অবদান রেখেছেন বা রাখছেন সেসকল ক্রীড়াসেবী ও তাঁদের পরিবারের কল্যাণ সাধনের মাধ্যমে দারিদ্র তা হ্রাস এবং ক্রীড়ার মান উন্নয়নে উৎসাহ প্রদান।

**(৪) কার্যাবলি :** 'জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০১১'-এর ৭ ধারার বিধান অনুযায়ী ফাউন্ডেশনের কার্যাবলী নিম্নরূপ:

ক) অসচ্ছল, অসুস্থ, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী ও তাঁদের পরিবারের জন্য জাতীয় ক্রীড়া ভাতা প্রদান করা;

খ) ক্রীড়াক্ষেত্রে কৃতিত্ব অর্জনকারী শিক্ষার্থীদের ক্রীড়া শিক্ষা বৃত্তি বা স্টাইপেন্ড প্রদান করা;

গ) অসচ্ছল, অসুস্থ, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী ও তার পরিবারের জন্য চিকিৎসা ও আর্থিক সহায়তা প্রদান করা;

ঘ) ক্রীড়াক্ষেত্রে অসামান্য কৃতিত্বের জন্য বিশিষ্ট ক্রীড়াবিদ ও ক্রীড়া সংগঠকদের জন্য পুরস্কার প্রদান করা;

ঙ) ক্রীড়াবিদ ও ক্রীড়া সংগঠকদের দক্ষতার উৎকর্ষ সাধনের নিমিত্ত আর্থিক সহায়তা, বৃত্তি বা অনুদান প্রদান করা;

চ) ক্রীড়াসেবীদের সার্বিক কল্যাণ ও পুনর্বাসনের উদ্দেশ্যে সরকারের পূর্বানুমোদনক্রমে বিভিন্ন ধরনের স্কীম প্রবর্তন, প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা;

ছ) সরকার কর্তৃক আরোপিত শর্তাধীনে উহার অনুমোদিত প্রকল্পের জন্য ঋণ সংগ্রহ করা;

জ) লক্ষ ও উদ্দেশ্য বাস্তবায়নের জন্য চাঁদা, অনুদান ও উপহার গ্রহণ এবং লটারীর ব্যবস্থা করা;

ঝ) তহবিল পরিচালনা ও প্রশাসনিক উদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা;

**(৫) পরিচালনা বোর্ড :**

জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০১১ (২০১১ সালের ৩নং আইন)-এর ৬(১) ধারার বিধান মতে ফাউন্ডেশনের কার্যক্রম পরিচালনার জন্য নিম্নরূপভাবে একটি পরিচালনা বোর্ড গঠন করা হয়েছে :

| | | | |
|---|---|---|---|
| ক) | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী/উপদেষ্টা, প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী, যিনি উহার চেয়ারম্যানও হইবেন। তবে মন্ত্রী/উপদেষ্টা, প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী সকলেই বিদ্যমান থাকিলে মন্ত্রী/উপদেষ্টা চেয়ারম্যান এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্য দুইজন বা একজন সিনিয়র ভাইস-চেয়ারম্যানও হইবেন; | - | চেয়ারম্যান |
| খ) | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সিনিয়র সচিব/সচিব, যিনি উহার ভাইস-চেয়ারম্যানও হইবেন; | - | ভাইস চেয়ারম্যান |
| গ) | যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক | - | সদস্য |
| ঘ) | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের মহাপরিচালক | - | সদস্য |
| ঙ) | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ক্রীড়া অনুবিভাগের প্রধান | - | সদস্য |
| চ) | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের মহাপরিচালক | - | সদস্য |
| ছ) | জাতীয় ক্রীড়া পরিষদের নির্বাহী পরিচালক | - | সদস্য |
| জ) | ক্রীড়া পরিদপ্তরের পরিচালক | - | সদস্য |
| ঝ) | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | - | সদস্য |
| ঞ) | অর্থ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | - | সদস্য |
| ট) | স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | - | সদস্য |
| ঠ) | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | - | সদস্য |
| ড) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | - | সদস্য |
| ঢ) | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | - | সদস্য |
| ণ) | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | - | সদস্য |
| ত) | বাংলাদেশ মহিলা ক্রীড়া সংস্থার সভাপতি | - | সদস্য |
| থ) | সরকার কর্তৃক মনোনীত ক্রীড়া ও খেলাধুলায় অনুরাগী ৩ (তিন) জন ব্যক্তি যাঁহাদের মধ্যে অন্যূন একজন মহিলা হইবেন; | - | সদস্য |
| দ) | ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক | - | সদস্য সচিব |

**(৬) সাংগঠনিক কাঠামো :**

আইনের বিধান অনুযায়ী বাংলাদেশ সরকারের একজন যুগ্মসচিব ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক হিসেবে (প্রেষণে) দায়িত্ব পালন করছেন। ফাউন্ডেশনের জন্য ০৬ (ছয়) জন কর্মকর্তা/কর্মচারীর পদ সৃজিত হয়েছে। বর্তমানে ফাউন্ডেশনের ০৫ (পাঁচ)টি পদ শূণ্য রয়েছে।

জনবল কাঠামো:

| ক্র.নং | পদের নাম | কর্মরত | শূন্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ক) | নির্বাহী পরিচালক | ১ জন (প্রেষণে) | - | - |
| খ) | নির্বাহী কর্মকর্তা | ১ জন | - | |
| গ) | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা | - | ১ জন | |
| ঘ) | কম্পিউটার অপারেটর | - | ১ জন | |
| ঙ) | অফিস সহায়ক | - | ২ জন | |
| চ) | গাড়ি চালক | - | ১ জন | |
| | মোট: | ১ জন | ৫ জন | |

**(৭) ফাউন্ডেশনের সিডমানি/তহবিল :**

ফাউন্ডেশনের বর্তমান সিডমানি ৭৭.৮৫ কোটি টাকা। যাহা বিভিন্ন তফসিলী ব্যাংকে স্থায়ী আমানত হিসেবে রক্ষিত আছে- যার মুনাফা এবং প্রতি বছর সরকারের রাজস্ব বাজেট বিশেষ অনুদান হিসেবে প্রাপ্ত অর্থ দ্বারা অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াসেবীদের জাতীয় ক্রীড়া ভাতা, ক্রীড়া শিক্ষা বৃত্তি এবং চিকিৎসা ও আর্থিক সহায়তা প্রদান করা হয়।

**(৮) বাস্তবায়িত কার্যক্রম** :

**ক) জাতীয় ক্রীড়া ভাতা** :

ফাউন্ডেশন কর্তৃক অসচ্ছল, অসুস্থ, আহত ও অসমর্থ ক্রীড়াসেবীদের জাতীয় ক্রীড়া ভাতা প্রদান করা হয়। ১৯৯৬ সাল হতে এপর্যন্ত ১২৯৭০ জন ক্রীড়াসেবীকে সর্বমোট ২৭,০৬,০৩,৫০০/- (সাঁতাশ কোটি ছয় লক্ষ তিন হাজার পাঁচশত) টাকা ক্রীড়াভাতা প্রদান করা হয়।

| ক্র.নং | অর্থবছর | অনুদান প্রাপ্তদের সংখ্যা ও হার (টাকায়) | অর্থের পরিমান (টাকায়) |
|---|---|---|---|
| ০১. | ১৯৯৬-১৯৯৭ | ১৫ জন | ১,৭৮,৫০০/- |
| ০২. | ১৯৯৭-১৯৯৮ | ১৬ জন | ৪৮,০০০/- |
| ০৩. | ১৯৯৯-২০০০ | ২২৩ জন | ১৩,৩৮,০০০/- |
| ০৪. | ২০১১-২০১২ | ১১০ জন (১০,০০০/-) | ১১,০০,০০০/- |
| ০৫. | ২০১২-২০১৩ | ৫৩৩ জন (১৫,০০০/-) | ৭৯,৯৫,০০০/- |
| ০৬. | ২০১৪-২০১৫ | ৬১৩ জন (১৫,০০০/-) | ৯১,৯৫,০০০/- |
| ০৭. | ২০১৫-২০১৬ | ৬৩০ জন (১৫,০০০/-) | ৯৪,৫০,০০০/- |
| ০৮. | ২০১৬-২০১৭ | ৬৩৮ জন (১৫,০০০/-) | ৯৫,৭০,০০০/- |

| ক্র.নং | অর্থবছর | অনুদান প্রাপ্তদের সংখ্যা ও হার (টাকায়) | অর্থের পরিমান (টাকায়) |
|---|---|---|---|
| ০৯ | ২০১৭-২০১৮ | ৬৪৫ জন (১৫,০০০/-) | ৯৬,৭৫,০০০/- |
| ১০. | ২০১৮-২০১৯ | ১০৫০ জন (১৫,০০০/-) | ১,৫৭,৫০,০০০/- |
| ১১. | ২০১৯-২০২০ | ১১৫০ জন (২৪,০০০/-) | ২,৭৬,০০,০০০/- |
| ১২. | ২০২০-২০২১ | ১১৭০ জন (২৪,০০০/-) | ২,৮০,৮০,০০০/- |
| ১৩. | ২০২১-২০২২ | ১৩৫০ জন (২৪,০০০/-) | ৩,২৪,০০,০০০/- |
| ১৪. | ২০২২-২০২৩ | ১৬১৮ জন (২৪,০০০/-) | ৩,৮৮,৩২,০০০/- |
| ১৫. | ২০২৩-২০২৪ | ১৬৩০ জন (২৪,০০০/-) | ৩,৯১,২০,০০০/- |
| ১৬. | ২০২৪-২০২৫ | ১৬৭৮ জন (২৪,০০০/-) | ৪,০২,৭২,০০০/- |
| | **মোটঃ** | **১২,৯৭০ জন** | **২৭,০৬,০৩,৫০০/-** |




চিত্র: মাননীয় উপদেষ্টা কর্তৃক জাতীয় ক্রীড়াভাতার রেপ্লিকা প্রদান।

**খ) ক্রীড়া শিক্ষা বৃত্তি:**

জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন হতে ক্রীড়া শিক্ষা বৃত্তি নীতিমালা, ২০২৫ অনুমোদন লাভ করেছে। তারই আলোকে ৫ম হতে ১০ শ্রেণি পর্যন্ত বাৎসরিক ১২,০০০/- (বার হাজার) টাকা এবং একাদশ হতে স্নাতক পর্যন্ত বাৎসরিক ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা করে ১১০০ জনকে ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদানের কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

**গ) চিকিৎসা সহায়তা প্রদান:**

২০২৪-২৫ অর্থবছরে ফাউন্ডেশন হতে ২৪ জন ক্রীড়াসেবীদের-কে চিকিৎসা/আর্থিক সহায়তা হিসেবে ৩৫,২২,০০০/- (পঁয়ত্রিশ লক্ষ বাইশ হাজার) টাকা প্রদান করা হয়েছে।






**(৯) উপসংহার :**

ক্রীড়াবিদ, খেলোয়াড় ও ক্রীড়া সংগঠকগণ বাংলাদেশের জনশক্তির একটি বিরাট অংশ। তাঁরা ক্রীড়াক্ষেত্রে জাতীয় ও আন্তর্জাতিকভাবে গুরুত্বপূর্ণ অবদান রাখছেন। অসচ্ছল, অসুস্থ, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী, ক্রীড়াবিদ, ক্রীড়া সংগঠক, খেলোয়াড় ও তাঁদের পরিবারের সদস্যদের জীবনমান উন্নয়নে জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন নিয়োজিত রয়েছে।